তাগিদপত্র-২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮,মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৮.৪৮.০৩১.১৯-৫৫৪ তারিখঃ ২২-১২-১৯খ্রি.

বিষয়ঃ খেলাপী ঋণ আদায়ের কার্যকরী ব্যবস্থা গ্রহণের তাগিদ।

সূত্র- ১। ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০২৮.১৯-২৪৪, তারিখ- ২৭ মে ২০১৯ খ্রি.
২। ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০৩১.১৯- ৩৬৯(৯), তারিখ- ২৩/০৯/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তাঁর কার্যালয়ের মার্চ'১৯ মাসের আত্মকর্মসংস্থান ঋণ কর্মসূচির প্রতিবেদনের ভিত্তিতে বিপুল পরিমাণ খেলাপী কিস্তি এবং খেলাপী ঋণের পরিমাণ উল্লেখ করে জুন'১৯ হতে সেপ্টেম্বর'১৯ মাসের মধ্যে খেলাপী কিস্তি শূন্যে নামিয়ে আনতে এবং খেলাপী ঋণ হতে প্রতিমাসে ৫% টাকা আদায় নিশ্চিত করতে, প্রতি মাসের ৬ তারিখের মধ্যে সংযুক্ত ছক মোতাবেক অগ্রগতির প্রতিবেদন জেলা কার্যালয়ে এবং জেলা হতে প্রতি মাসের ১০ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণের নির্দেশনা দিয়ে পত্র দেয়া হয়। পরবর্তিতে ডিসে'১৯ মাসের মধ্যে খেলাপী কিস্তি শূন্যে নামিয়ে আনতে পুনরায় নির্দেশনা দিয়ে এবং খেলাপী আদায়ের অগ্রগতির প্রতিবেদন প্রেরণ করার জন্য ২নং সূত্রস্থ পত্র মারফত তাগিদ প্রদান করা হয়। খেলাপী আদায় করার কর্মকৌশল প্রণয়ন এবং তা বাস্তবায়ন করার জন্য সর্বোচ্চ অগ্রাধিকার এবং গুরুত্ব দিয়ে এ কাজে সংশ্লিষ্টদের সম্পৃক্ত ও আত্মনিয়োগ করার নির্দেশনা দেয়া হলেও অদ্যাবধি বাগেরহাট জেলা হতে কোন মাসের ঋণ আদায়ের অগ্রগতির কোন প্রতিবেদনই প্রেরণ করা হয়নি। অক্টো'১৯ মাস শেষে বাগেরহাট জেলাধীন সংশ্লিষ্ট কার্যালয়ের খেলাপী ঋণ আদায়ের তথ্যচিত্র নিম্নের ছকে উল্লেখ করা হলো-

নং	জেলার	উপজেলার	কিস্তি খেলাপী (লক্ষ টাকা)			ঋণ খেলাপী (লক্ষ টাকা)			মোট খেলাপী হ্রাস/বৃদ্ধি
			মার্চ'১৯	অক্টো'১৯	ব্যবধান	মার্চ'১৯	অক্টো'১৯	ব্যবধান	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
৬৩	বাগেরহাট	রামপাল	১.৮১	১.৯২	০.১১	১৩.৮৪	১৩.৯৭	০.১৩	০.২৪
৬৪	বাগেরহাট	বাগেরহাট সদর	১০.৫০	৭.৬৫	-২.৮৫	১৮.৮৪	২২.৫৪	৩.৭০	০.৮৫

উপরোক্ত ছকের তথ্য বিশ্লেষণে দেখা যায়, সকল উপজেলাতেই খেলাপী আদায়ের পরিবর্তে উল্টো খেলাপীতে অতিরিক্ত অর্থ যুক্ত হয়েছে।

বর্ণিত অবস্থায়, জানুয়ারি'২০ মাসের মধ্যে খেলাপী কিস্তি শূন্যে নামিয়ে আনা এবং খেলাপী ঋণ হতে প্রতিমাসে ন্যূনতম ৫% টাকা আদায় নিশ্চিত করতে পুনরায় অনুরোধ করা হলো। অন্যথায় ব্যর্থতার দায়-দায়িত্ব সংশ্লিষ্টদের উপর বর্তাবে। একই সাথে প্রতিমাসের ৬ তারিখের মধ্যে জেলা কার্যালয়ে নিম্নবর্ণিত ছকে প্রতিবেদন প্রেরণ করতে অনুরোধ করা হলো।

২২/১২/১৯
(ফরিদা ইয়াসমিন)
উপপরিচালক(দা. বি. ও ঋণ)
ফোন- ৯৫৫৩৩২৩।

উপজেলা/থানা যুব উন্নয়ন কর্মকর্তা
.....উপজেলা/থানা.....জেলা।

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৮.৪৮.০৩১.১৯- ৫৫৪ তারিখঃ ২২-১২-১৯খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে বিতরণঃ

০১। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, বাগেরহাট জেলাকে নির্ধারিত ছকে প্রতিবেদন প্রেরণ না করার কারণ ৭(সাত) কর্মদিবসের মধ্যে জানাতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। একইসাথে প্রদত্ত নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতি সরেজমিনে তদারকী করত অগ্রগতির মাসিক বিশেষ প্রতিবেদন সমন্বিত করে প্রতি মাসের ১০ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
০২। সহকারি পরিচালক(আইসিটি), প্রধান কার্যালয়, ঢাকা-কে পত্রটি যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েব সাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো।
০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৪। অফিস কপি।

২২/১২/১৯
(মো. শাহীনূর রহমান)
সহকারী পরিচালক(দা. বি. ও ঋণ)

খেলাপী কিস্তি এবং খেলাপী ঋণ আদায়ের অগ্রগতির তথ্য ছক

উপজেলার নাম----------, মাসের নাম ---------- কর্মসূচির নাম----------

সিএস এর নাম	মার্চ'১৯ পর্যন্ত আনাদায়ী খেলাপী কিস্তি	বিবেচ্য মাস পর্যন্ত		মার্চ পর্যন্ত আনাদায়ী খেলাপী ঋণ	বিবেচ্য মাস পর্যন্ত	
		আদায়	স্থিতি		আদায়	স্থিতি